গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

উন্নয়ন-১ শাখা

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আগামী ১৮.০৪.২০১৫ তারিখ বিকেল ৫.০০ ঘটিকায় ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে লাকসাম থেকে চিনকী আস্তানা পর্যন্ত ডাবল লাইন নির্মাণ ও চট্টগ্রাম স্টেশন ইয়ার্ড রিমডেলিং সমাপ্ত প্রকল্পের উদ্বোধন এবং লাকসাম থেকে আখাউড়া পর্যন্ত ডুয়েল গেজ ডাবল লাইন নির্মাণ নতুন প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপনের নিমিত্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি	মোঃ মনসুর আলী সিকদার এনডিসি ভারপ্রাপ্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়।
তারিখ	০১ এপ্রিল ২০১৫
সময়	বিকেল ৩.০০ ঘটিকা
স্থান	রেলভবনের ২য় তলার সভা কক্ষ, রেল ভবন, ঢাকা।

০২। উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট -'ক'

০৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভাকে এ মর্মে অবহিত করেন যে ঢাকা-চট্টগ্রাম সেকশনে চলমান প্রকল্পসমূহের মধ্যে ইতোমধ্যে লাকসাম থেকে চিনকী আস্তানা পর্যন্ত ডাবল লাইন নির্মাণ ও চট্টগ্রাম স্টেশন ইয়ার্ড রিমডেলিং প্রকল্প দু'টির বাস্তবায়ন সম্পন্ন হয়েছে এবং লাকসাম থেকে আখাউড়া পর্যন্ত ডুয়েল গেজ ডাবল লাইন নির্মান নতুন প্রকল্পের বাস্তবায়ন কাজ শীঘ্রই শুরু হবে। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১৮.০৪.২০১৫ তারিখ বিকেল ৫.০০ ঘটিকায় ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে লাকসাম থেকে চিনকী আস্তানা পর্যন্ত ডাবল লাইন নির্মাণ ও চট্টগ্রাম স্টেশন ইয়ার্ড রিমডেলিং সমাপ্ত প্রকল্পদ্বয়ের উদ্বোধন এবং লাকসাম থেকে আখাউড়া পর্যন্ত ডুয়েল গেজ ডাবল লাইন নির্মান প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপনের সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

০৪। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে জানান যে, আগামী ১৮.০৪.২০১৫ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর শুভ উদ্বোধনের মাধ্যমে বাংলাদেশ রেলওয়ে গণপরিবহনে একটি নতুন অধ্যায়ের সূচনা করতে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর অনুষ্ঠানটি সফল করার নিমিত্ত একটি সার্বিক ব্যবস্থাপনা কমিটি এবং কতিপয় উপ-কমিটি গঠন করা প্রয়োজন মর্মে তিনি প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের সাথে সচিব মহোদয়সহ উপস্থিত সকলে একমত পোষণ করেন এবং নিম্নবর্ণিত সার্বিক ব্যবস্থাপনা কমিটি ও কয়েকটি উপ-কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) সার্বিক ব্যবস্থাপনা কমিটিঃ

১। মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়	উপদেষ্টা	**কার্যপরিধিঃ** অনুষ্ঠানটি সফল করার নিমিত্ত বিভিন্ন উপ-কমিটিকে দিক নির্দেশনা প্রদান এবং তাদের কর্মকান্ড মনিটরিং/তদারকি করা।
২। সচিব, রেলপথ মন্ত্রণালয়	আহ্বায়ক	
৩। অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়	সদস্য	
৪। অতিরিক্ত সচিব (উন্নঃ ও পরিঃ), রেলপথ মন্ত্রণালয়	সদস্য	
৫। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে	সদস্য	
৬। মহাব্যবস্থাপক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে	সদস্য	
৭। ডিআইজি (রেলওয়ে রেঞ্জ), কমলাপুর, ঢাকা	সদস্য	

(খ) উপ-কমিটিসমূহঃ

উপ-কমিটি	বাস্তবায়নকারী কর্মকর্তা/সংস্থা	কর্মপরিধি
মাননীয় প্রধানমন্ত্রীর খসড়া ভাষণ প্রস্তুত উপ-কমিটি	১। জনাব সাগর কৃষ্ণ চক্রবর্তী, পিডি, টংগী-ভৈরব ডাবল লাইন নির্মাণ প্রকল্প। ২। জনাব এস,এম লিয়াকত আলী, পিডি, লাকসাম থেকে চিনকী আস্তানা ডাবল লাইন নির্মাণ প্রকল্প। ৩। জনাব নাজনীন আরা কেয়া, উপ-প্রকল্প পরিচালক, টংগী-ভৈরব ডাবল লাইন নির্মাণ, বাংলাদেশ রেলওয়ে।	কমিটি মাননীয় প্রধানমন্ত্রীর জন্য একটি খসড়া ভাষণ প্রস্তুত করে আগামী ০৫.০৪.২০১৫ তারিখের মধ্যে সার্বিক ব্যবস্থাপনা কমিটির নিকট উপস্থাপন করবে। ভাষণটি চূড়ান্ত করে মন্ত্রণালয়ের উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগে প্রেরণ করবে।
প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে যোগাযোগ রক্ষাসহ ভিডিও কনফারেন্সিং বাস্তবায়ন উপ-কমিটি	১। শাহ্ মোঃ ইমদাদুল হক, যুগ্ম-সচিব (ভূমি), রেলপথ মন্ত্রণালয় ২। জনাব মোঃ শাহিদুজ্জামান, ডিএসটিই, প্রকল্প ৩। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়	১। প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে নিবিড় যোগাযোগের মাধ্যমে ভিত্তি প্রস্তরসহ ভিডিও কনফারেন্সিং প্রোগ্রাম সফলভাবে সম্পন্নকরণ। ২। প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তা এবং বিটিসিএল এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
অতিথিদের তালিকা প্রণয়ন, নিমন্ত্রণ পত্র তৈরী ও বিতরণ উপ-কমিটি	১। যুগ্ম-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় ২। যুগ্ম-সচিব (উন্নয়ন), রেলপথ মন্ত্রণালয় ৩। পিডি, লাকসাম থেকে চিনকী আস্তানা ডাবল লাইন নির্মাণ প্রকল্প। ৪। পরিচালক (পরিবহন), বাংলাদেশ রেলওয়ে ৫। ডিআরএম (চট্টগ্রাম), বাংলাদেশ রেলওয়ে।	১। নিমন্ত্রণ পত্রের খসড়া প্রস্তুত ও সার্বিক ব্যবস্থাপনা কমিটির অনুমোদনক্রমে তা চূড়ান্তকরণ। ২। সার্বিক ব্যবস্থাপনা কমিটির সাথে আলোচনাক্রমে অতিথিদের তালিকা প্রণয়ন এবং তালিকা মোতাবেক নিমন্ত্রণপত্র বিতরণ। ৩। ১৭.০৪.২০১৫ তারিখে গুরুত্বপূর্ণ অতিথিদের টেলিফোনের মাধ্যমে নিমন্ত্রণপত্রের প্রাপ্তিস্বীকার নিশ্চিতকরণ এবং অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য অনুরোধ জ্ঞাপন।
মঞ্চ ব্যবস্থাপনা উপ-কমিটি	১। প্রকল্প পরিচালক, লাকসাম থেকে চিনকী আস্তানা ডাবল লাইন নির্মাণ প্রকল্প। ২। প্রধান প্রকৌশলী (পূর্ব), চট্টগ্রাম। ৩। ডিআরএম (চট্টগ্রাম)	১। সার্বিক ব্যবস্থাপনা কমিটির সাথে আলোচনাক্রমে ভেন্যু ও মঞ্চ প্রস্তুতকরণ এবং সাউন্ড সিস্টেম নিশ্চিত করণ। ২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য ডিপিডিসি'কে পত্র প্রদান। ৩। বিকল্প জেনারেটরের ব্যবস্থা নিশ্চিতকরণ। ৪। অনুষ্ঠানস্থলের পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ। ৫। স্থানীয় প্রশাসের সাথে সমন্বয়ের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
সাজ-সজ্জা উপ-কমিটি	১। জনাব সাগর কৃষ্ণ চক্রবর্তী, পিডি, টংগী-ভৈরব ডাবল লাইন নির্মাণ প্রকল্প। ২। এডিজি (আই) ৩। ডিআরএম (চট্টগ্রাম) ৪। সিঃসহঃ সচিব (উন্নয়ন-১)।	১। বর্তমান অনুষ্ঠানকে ফোকাস করে বাংলাদেশ রেলওয়ের প্রেক্ষাপট তুলে ধরে একটি ব্রশিয়ার প্রস্তুতকরণ। ২। একটি ডিজিটাল ব্যানারের খসড়া প্রস্তুত করে সার্বিক ব্যবস্থাপনা কমিটির অনুমোদনক্রমে তা চূড়ান্তকরণ। ৩। ৩টি প্রকল্পের জন্য আলাদা ৩টি ফলক তৈরীসহ তা নির্দিষ্ট

		স্থানে প্রদর্শন/স্থাপন।

উপ-কমিটি	বাস্তবায়নকারী কর্মকর্তা/সংস্থা	কর্মপরিধি
অনুষ্ঠান পরিচালনা উপ-কমিটি	১। মহাব্যবস্থাপক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে। ২। প্রকল্প পরিচালক, লাকসাম থেকে চিনকী আস্তানা ডাবল লাইন নির্মাণ প্রকল্প।	সার্বিক ব্যবস্থাপনা কমিটির সাথে আলোচনাক্রমে অনুষ্ঠানটি সফলভাবে পরিচালনা করা।
আপ্যায়ন উপ-কমিটি	১। মহাব্যবস্থাপক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে। ২। প্রকল্প পরিচালক, লাকসাম থেকে চিনকী আস্তানা ডাবল লাইন নির্মাণ প্রকল্প।	সার্বিক ব্যবস্থাপনা কমিটির সাথে আলোচনাক্রমে আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
নিরাপত্তা উপ-কমিটি	১। ডিআইজি (রেলওয়ে রেঞ্জ), কমলাপুর, ঢাকা। ২। চীফ কমান্ড্যান্ট, আরএনবি (পূর্ব)।	১। সার্বিক ব্যবস্থাপনা কমিটির সাথে আলোচনাক্রমে এবং স্থানীয় প্রশাসনের সাথে পরামর্শপূর্বক প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিতকরণ।

০৫। সচিব, রেলপথ মন্ত্রণালয় জানান যে, আগামী ১৮.০৪.২০১৫ তারিখের অনুষ্ঠান সফল করার জন্য বিভিন্ন উপ-কমিটি প্রয়োজনে যে কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে। এ অনুষ্ঠানকে সফল করার জন্য তিনি সকলের আন্তরিক অংশগ্রহণ কামনা করেন।

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মনসুর আলী সিকদার এনডিসি)
ভারপ্রাপ্ত সচিব
রেলপথ মন্ত্রণালয়।